



# কোটালীপাড়া পৌরসভা কার্যালয়

কোটালীপাড়া, গোপালগঞ্জ।

স্মারক নং- ১৮৬২/১৯৯ নিরূপন ও আদায়/২০১৮/৪৬২ তারিখ: ২৬/০৮/২০১৮

## প্রজ্ঞাপন


স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ (২০০৯ সনের ৫৮ নং আইন) এর ধারা-১২২, ধারা- ৫৬(১) এর উপ-আইন মোতাবেক পৌর পরিষদের ১৬/০৪/২০১৮ ইং তারিখের সিদ্ধান্ত অনুযায়ী নিম্নবর্ণিত স্থায়ী কমিটি গঠন করা হলো :

### কর নিরূপন ও আদায় বিষয়ক কমিটি

ক্রমিক নং	নাম	পদবী	কমিটিতে পদবী
০১	জনাব মো: আশরাফ উজ্জামান	কাউন্সিলর, ওয়ার্ড নং-৫	সভাপতি
০২	জনাব মো: কামাল হোসেন শেখ	মেয়র	সদস্য
০৩	জনাব সালেহা খানম	কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড-২	সদস্য
০৪	জনাব রুবিয়া বেগম	কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড-১	সদস্য
০৫	জনাব জাহিদুল ইসলাম	কাউন্সিলর, ওয়ার্ড নং-২	সদস্য

### কমিটির কার্যপরিধিঃ

- ১। কর, উপ-কর, রেইট, টোল, ফিস ও অন্যান্য কর আরোপ এবং আদায়ের ক্ষেত্রে বিভিন্ন কৌশল অবলম্বনের সুপারিশ করা;
- ২। সরকারী নীতিমালার সাথে গঙ্গতিবিধান করিয়া কর আরোপ বিধিমালা প্রয়োগ করার জন্য সংশ্লিষ্টদের পরামর্শ প্রদান করা;
- ৩। কর অব্যাহতি, কর রহিতকরণ ও কর ছাড়াকরণ বিষয়ে মতামত প্রদান করা;
- ৪। কর আদায় ও কর নির্ধারণ কাজে নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারীদের উৎসাহ প্রদান করা;
- ৫। সময়মত কর পরিশোধে জনসাধারণকে উদ্বুদ্ধ করা;
- ৬। অর্ন্তবর্তী কর নির্ধারণ কার্যক্রম অব্যাহত রাখার কাজে সংশ্লিষ্ট ব্যক্তিদের সহায়তা করা ও দিক নির্দেশনা প্রদান করা;
- ৭। কর সংক্রান্ত ডাটাবেইজ তৈরী ও হালনাগাদ করার কাজে সংশ্লিষ্ট ব্যক্তিদের প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করা;
- ৮। কর আদায় কার্যক্রম মনিটরিং করা এবং আদায় লক্ষ্যমাত্র নির্ধারণ ও আদায় পরিস্থিতি পর্যালোচনা করা;
- ৯। কর সংক্রান্ত আপত্তি গুনানি গ্রহণপূর্বক দ্রুত সিদ্ধান্ত গৃহণ করা;
- ১০। কর প্রদান ও সেবা গ্রহণ বিষয়ে পৌরসভা ও জনগনের মাঝে সেতুবন্ধন হিসাবে কাজ করা;
- ১১। রাজস্ব আদায় বৃদ্ধির লক্ষ্যে করের নতুন উৎস খোঁজকরণ;
- ১২। কর নিরূপন ও আদায় কাজে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার ব্যবস্থা গ্রহণ করা;
- ১৩। পৌরসভার নিজস্ব তহবিল দ্বারা কর আদায়ের বিষয়ে কম্পিউটার সফটওয়্যার চালু করা এবং অব্যাহত রাখা ;
- ১৪। কমিটি বিশেষজ্ঞ সদস্য হিসেবে সংশ্লিষ্ট উপজেলার সহকারী কমিশনার(ছমি) কে কো-অপট করিতে পারিবে;
- ১৫। অন্যান্য সংশ্লিষ্ট বিষয়াদি ।

  
(মোঃ কামাল হোসেন শেখ)  
মেয়র

কোটালীপাড়া পৌরসভা

গোপালগঞ্জ।


তারিখ: ২৬/০৮/২০১৮

স্মারক নং :- কো:পৌ:/স্থায়ী কমিটি/UGIIP-III/২০১৮ ১৮৬২

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপিঃ

- ১। প্রকল্প পরিচালক, UGIIP- UGIIP-III , ঢাকা।
- ২। উপ পরিচালক, RMSU, ফরিদপুর অঞ্চল, ফরিদপুর।
- ৩। প্রাপক : জনাব .....

সদস্য, কর নিরূপন ও আদায় বিষয়ক কমিটি,  
কোটালীপাড়া পৌরসভা।

  
(মোঃ কামাল হোসেন শেখ)  
মেয়র

কোটালীপাড়া পৌরসভা

গোপালগঞ্জ।